লাম, তার পর তোমার দেখা না পেয়ে ছু-তিন বার ঘর বার বাতায়াত করে নাপ্তিনী ঝির বাজি গিয়ে এখানে আস্বার জভে কত সাধাসাথি কলেম, কোন মতে রাজি না হওয়য়, যা থাকে কপালে বলে সাহদে তর করে বৈশুমীর বাটী যাই, তার পর বাবা মদানন্দ নামা প্রভৃতি এসে বিশুর বুঝাইতে ও লইয়া যাইতে চেকী করিল, শেষ ভারা নিরাশ হইয়া গেলে কদিন অন্থির হ্মেছিলাম, বৈশুমীকে বলেছিলাম সেও কিছু মনোযোগ না করায় আজ নিতান্ত ব্যাকুল হয়ে থাকে না পেরে এসেছি, ভাগ্গিস মহেক্রের সঙ্গে দেখা হয়েছিল নৈলে কত যুর্তে হতো, এখন উপায় আপার কর।

- র-মো।— যা হয়েছে তা হয়েছে, এখন আর চারা নাই কলে ভাল কর্ম কর নাই, এখন আমি বলি কি দেই বৈষঃমীর বাটীতে দিনকত কাটাও পরে বিবেচনা করা যাবে নৈলে এখন এখানে আন্লে আমার বড় বদনাম হতে পারে।
- কান।— আপ্লার যা ইচ্ছে হয়, আমাকে বৈষ্ণমীর বাড়ি রাখুন আর জলে রাখুন, বা জঙ্গলে রাখুন, যেখানে রাখেন সেইখানেই থাক্ব, এখন আমি ক্ষ পাই সেও ভাল তাতে হানি নাই, কলে আপ্লার কোন রক্মে ক্ষ না হয় তাই কক্ষন।
- র-মো।—সেই পরামর্শ ভাল, কেন না এখন তোমাকে এখানে আন্লে আমার অত্যন্ত ছুর্নাম হতে পারে,

- সেই জন্ত আপাততঃ বৈষ্ণনীর বাজি থেকে সেই-খানে একখানা ঘর বেঁধে কিছু দিন থেকে তার পর কোন ছলে আনা যাবে।
- কাদ।—আচ্ছা, যাতে আপ্নার মান পাকে এবং চারিদিগ ন রক্ষা পায় সেই ভাল, আমি ত কুল থেয়ে বেরি-রেছি পাছে আপনার নিন্দা হয় সে অত্যন্ত ছুঃথের বিষয়।
- র-মো।—সে যা হোক থানার কাছারী ও জনীদারের কা-ছারী কি রকমটা হল, আর সেখানে কি ৰূপে রাত কাটিয়েছিলে ?
- कान।—পোড়াকপাল আর কি! সেখানে রেতে থাকে যাব কেন? আমি না থাক্লে তারাই বা আমাকে রাখতে পার্বে কেন। আমার তলব হলে বৈশুনী নিদি এক দিন থানায়, এক দিন জ্যাদারের কা-ছারী নিয়ে যায়, ছই ঠাই ছ্-টাকা দিয়ে কি বলে কয়ে আমাকে নিয়ে এসেছেন।
- র-মো।—এর মধ্যে তুমি টাকা পেলে কোথায়, রোজগার হচ্ছে কেমন ? যেন আসলে লোক্সান হয় না।
- কাদ।—"মাথার ঘায়ে কুকুর পাগল" এর ঠাটা দেখে আর বাঁচিনে, কেন মায়ের বাক্সের চাবি আমার ঠাই ছিল, তাতে গহনা পত্র যা ছিল কিছু ছুঁইনি কেবল ৬টা টাকা মাত্র আনি, তার মধ্যে কাছারী ২ টাকা, আর এই এক যোড়া ধুতি কিনি ২ টাকা, আর ১ টাকা ভাঙ্গিরে কদিন চলেছে আর ১ টাকা

আহে; এখন আপনার চরণ শরণ নিলাম আমার আর ভাবনা কি সকল ভাবনা গেল।

> ্ এই ৰূপ কথোপকথন ইত্যাদিতে নিশি বঞ্চন করিয়া প্রভাত হইতে না হইতে কাদ্যিনীর প্রস্থান।

পর্যার ।

গ্রেভাতে বৈক্ষী পূতে, কানদ্বিনী গোল।
নিশির বৃস্তান্ত সব, পরিচয় দিন।।
করিল বৈক্ষী গৃহে, কাদ্বিনী বাস!
ক্রেল ক্রেল গত হৈল, প্রায় দুই মাস।।
বৈক্ষমীর পৃহ পার্বে, বাধি এক ঘর।
বৈক্ষমীর অগীনেতে, খাকে নিরন্তর।।
ভান্তরেত সুখী লহে, দিন হর গত।
নালা ভাবে নালা মত, ভাবে কত মত।।
মথ্যে মধ্যে বাতারাত, উভয় উভয়।
উভয় চঞ্চল সুদা, উভয়ের দায়।।

[এক রাজে রমনীমোহন কাদস্থিনীর গৃহে উপস্থিত সময়ে বৈক্ষীর অবেশ।]

हैन।—वातू आश्रि कामिशनीटक आह कर कर मिटन, करें कि त्यम श्रानि ?

- त-मा।-- किन कामिनीत करें कि? णागि ७ किं इ छित
- दे। कामिनी आश्रमात माकार किन्नू तन् राज शादत ना, किन्तु आगात माकार मर्समा वर्ता "वावूत नि-कर्षे ना शाक्ता कर्षे गार्त्य ना" अवश्रमार्क्ष मार्क्ष कामा काणेष करत शास्त्र, विरम्भ अथन आश्रि निरम्न राग्ता आश्रमात वम् नाम इर्त ना, राज्य ना अशास्त्र आत्र ११४ मान वान कतार राज्य राग्ना मिर्टेट्इ।
- র-মো।—কেমন হে কাদমিনী কি বল ? তবে একটা বা-সার ঠিকানা করে নিয়ে যাওয়ার উদেবাগ করা যাক।
- কাদ।—তা আমি কি বল্ব আপ্লার যে মত হয়, আমার কর্মে হানি নাই, আপ্লার কোন রকমে কট না হয় তাই করুন্।
- র-মো!—যা হোক একত্রিত হয়ে কিছু দিন ত আমোদ প্রমোদ করা যাক, তার পর 'বংবিধৌ"।

পরার ।

রমণীমোহন পরে, প্রস্থান করিল। বাসায় আসিয়া কড, ভাবিতে লাগিল।। বদিচ রমণী জাতি, কুরা অভিশয়। বিশুস্থতে এসে সদা, সেহ ভাল নয়।। বাতালত করিতে, বিশেষ কট হয়।
অধিকন্ধ দেখিতেছি, ছালাগার নয়।।
কাবে কাষে কামিনীকে, আনিতে হইল।
এত ভাবি বাসাবাদী, ঠিকানা করিল।।
শনিবার রজনীতে, রমণীমোহন।
পাচকে লইয়া সঙ্গে, করিল গমন।।
উপনীত হৈল ধদি, রমণীমোহন।
আনম্পের সীমা নাই, রমণীর মন।।
চলিত সাম্য্রী বত, সংগ্রহ করিল।
বোড়া গাড়ি ভাড়া করি, ভাহাতে পুরিল।
গমনে আনন্দ হাসা, পরিহাস, হয়।
হত হাদি তত কালা, কুন্দেব কয়।।

গীত

তাল একতালা।

প্রেমে কর রে যতন। বুঝে সুঝে কলে প্রেম না হবে পতন॥ পিরীতি পাদপ কলে, স্বকলে সকল কলে, এদেহ দেহাস্ত হলে, মিলিবে রতন।। দেখিলাম ঘটে ঘটে, কত মত ঘটে ঘটে, কুশ-দেব বলে নাহি ঘটে, মনেরি মতন।।

লমু-ত্রিপদী।

तुम्धीरमाहन, मन छेळाडेन, যুৱক নগর থেতে। काणिती मटक, मामा इत दरक, गास्टिख (में किन स्टब्ड !! र्गाम मिक्रभन, कतिहा (धमन, অবস্থিতি তথা করে। र दिश निर्देशका, किश् नाहि छ।त्त, क्रांगांड क्षेकाम भारत !! इमशीरमांकन, लट्स रञ्जानन, अथम तसकी रहार्त जारमान अस्मारम जी उत्तर नश्य. मश्मी उ दामिनी दाता । क्राम शंक विन, अक वर्ते जिन, চারি পাঁচ ছম মান। कक्कान निक्कारन, तमनीमान्द्रनं, मार कात डेलंडाम ॥

এই ৰূপ সভত পরত পরস্পর রমণীমোহন স্বীয় অপ-বাদ শ্রবণ করিয়া দ্বঃখিত হইতে লাগিল।

> [অতঃপর প্রায় আট মাদ গত হইলে এক দিন নিশিযোগে 1

র-মো।—হেদেখ প্রিয়সি। তোমার সাইত প্রণয়ে গৃঁতে থাকিতে প্রায় ৫ বংসর, পরে একবে প্রায় এক বংসরের অধিক কাল যাপন হইল, কিন্তু যদিচ ভোনার গৃহের বার হওয়া আমার মনস্থ ছিল না, তুমি আপনা হতেই আমার প্রতীক্ষা না করিয়া বহিন্দিত হয়েছ, তথাচ আমি তোমাবে পরিত্যাগ করিছে চাইনে এবং মনস্থও নয়, কিন্তু একণে ঘরে পরে সতত পরত যে অপ জুর্নাম শুন্তে পাই (যদিচ অনেকং ভদ্র লোকের এরপ আছে বটে) তথাচ আমার মাথা তুলে বেড়ান, ও মুখ তুলে লোকের সঙ্গে কথা বার্ত্তা কওয়া নিতান্ত লজ্জাকর হইয়া উঠিয়াছে, স্কুত্রাং সেই হেডু আপাতত তোমাকে দিনকত ভানান্তর রাখতে বাসনা করি তাহা হুইলে লোকাপ্রাদ্ধিয়া আমাদ প্রস্তুত হইলে, পরে কোন নিজ্জান স্থানে রাখিয়া আমাদ প্রয়োক করিয়া কাল যাপন করিব তার কি বল ।

কাদ। — দেকখা আমাকে জিজ্ঞানা করাই বাছলা, পূর্বে বলাই আছে "আমি কট পাই হানি নাই, আপ্রি নাতে কট না পান তাই কর্বেন" একণেও বল্ছি আপনি আমাকে যেখানে যে অবসায় রাখ্বেন দেই কপে থাক্ব তার চিন্তা কি? যা ইচ্ছা হয় এই ক্ণেই উদ্যোগ করুন্ আমি রাজি আছি।

র-মো।—তবে পরশ্ব শনিবারের রাত্রে যাওয়ার স্থির হল রিদিক গঞ্জে বেচু চাটুযোর ফ্রীটের মধ্যে লগী ময় রাণীর বাটী রেখে আসা হবে, হল ভাই ছুমাসে অধিক থাকে হবে না, ইহার মধ্যে মধ্যেও আগি মাতায়াত কর্ব, কোন চিন্তা কর্কে না প্রায় সঞ্জ-টন হবে, আপাতত কিছু দিন উভয়ের কট হবে বটে তা কাষেই সহা কর্ত্তে হবে, ইতিমধ্যে আমি অতি নিজ্ঞান স্থান একটা গোটনা ঘটনা কর ব।

तिभगीदगांहरमत् अक्षांम ।

ির্জনী প্রভাত প্রতিবাদিনী জগদভার প্রবেশ।

্লগদম। । – কেন বাছা কাদ্যিনী আজ্বে মন্টা ভার ই দেশছি ২ ভোমার মন ত প্রায় এমন দৌখিলে, হাসি शांत्र वमन शानि विवन वमन श्राह ।

ব্যান। - (কিঞ্জিৎ হাস্য করিয়া) কৈ গা মাসি আমার বিরুষ বদন দেখালে কিষে ? তবে মার ছুই এখন ट्यामाटकत जटक माका १ इत मा, वावुर मंड ईरल्ट রনিক গঙ্গে থাক্তে হবে, বাবুর ২৬ লজা পেতে इएक् ऋडताः कारवरं मान छहे भिरम् भारक इरव।

জ্য। - ও পোড়াকপালীর বেটী পোড়াকপালি! তাই বলতে হয়না? ওরে তোর কপালে যে আন্তন লে-গেছে তা বুঝি বুঝুতে পাঞ্চিশ্নে, তোর মতন হা-বলা মেয়ে ত কথন দেখিনি।

काम :- किन भा मानि, आमि शत्ना श्राम किरम, आत আমার কপালে আগুন লাগলই বা কেন ?

জগ।—হেদেশ বাছা, তুমি কিছু বুঝতে পাছ না, তো-মাকে বাষু রসিক গঙ্গে রেখে এলে কি আর আ-নবে না মনে কর্বে ? তবেই তোর হাতে খোলা পোদে যালা নার হবে দেখিস্।

কাদ।—না গো মাদি, তুমি যা ভাব তা নয়, বাবুর অত্যন্ত লক্ষা খ্রেছে তাই দিনকত আনায় রদিকগঞ্জে থাকে হবে, বাবু আমাকে যে ভাল বাদেন নথাে মধাে যানেন বলেছেন, বিশেষ তিনিও সন্দ বলেন্নি, এমন প্র্লিক জায়ণায় না থেকে কোন প্রাইবেট জায়ণায় থাক্লে আমারো হবে টারো লক্ষা পেতে হবে

স ।— আং আমার হাবা সেয়ে। একি মেয়েমার্থ তা পেটেও যা মুখেও তাই, গুরুষ মানুষ বাছা পেটে এক মুখে আরু, মনে আর বলে আর করে আর বিশেষ গলার বিধ নামাতে পণ্লেই বাঁতেন, তুমি ত বাছা কথন ঠেকনি জানও না, এই বরেনে বাছা ধনরে কত দেখলেম কত শুন্লেম, কত ভুগ্লো কৃত কল্লেম তা বল্তে পারিনে।

কাদ।—(মেয়ে মানুষ, মনটা কিরে গেল) হেঁগা মানি তা কি হবে গা বাবু কি আমাকে ত্যাগ কর বেন যে ভাল বানেন, আমার ত বোধ হয় না।

জগ। – তোমার এখন বোধ হবে কেন বাছা, লোকে। ঠেকলে জান্তে পারে না, ও কথা বলবো কি মা পড়লে কান। এসে, এখন ত আমি রাজরাজেশ কোন লেটা নাই কারে। তওকাও রাখিনে, বাছারে!
গদাফাকীর নাম শুনে থাক্বি ? আমি ত জানিনে,
একবার যুটে গেল আমাকে রাজা করে, উজীর করে,
হার দেয়, বাজু দেয়, কত গহনা দেয়, তাল ভাল
কাপড় দেয়, টাকা দেয়, আছলি দেয়, কত দেয়, আবার হাতে স্থ্য দেয়, আর এমি ভাল বাসাবাদী যে
এক দও কি এক দিন আমায় রেখে কোযায় থাজে
পারত না, কিছু দিন থেকে এমি সাইছ করে নিদয়
হয়ে কেলে পালাল যে এক দিনের তরেও আর
দেখা কল্লে না, কিন্তু অভ্যাপি তার নাম মনে হলে
বাছা চোথের জলে বুক ভেসে যায় আর বল্ব কি,
ভাই বলি এখন সতর্ক হ রে সতর্ক হ।

কাদ।—তা হেঁগা মাসি এখন কি হবে শা ? আগি যে স্থী-কার করেছি, এখন আর কেমন করে অস্থীকার হব ?

সাধা — ওরে বাছা অস্থীকার হ্বার হাজার হাজার পথ আছে, তুই যদি না যাস্ তবে কারু তাপেব সাদ্ধি নেই যে ঘরের বার্ করে, তবে ২তে পারে যদি রসিকগঞ্জে গিয়ে কোন ভাল রসিকের সঙ্গে মিণ্তে পারিস্ত ভাল হতে পার্বে, কিন্তু এ গুড়ে বালি।

কাদ।-- মাসী নো সে আশীর্ক্বাদ কর না, তবে অস্বীকার হবার পথ কি তাই বল।

জগ। বাছা ভবে শোন, রেতে বাবু এলে ছই এক কথা কৈতে কৈতে বল্বি যে, একটা স্থানান্তর যেতে হলে

কাদ।—আছ্ন মানী বেশ বলেছ, তুমি না থাক্লে আ-মার সর্কানাশ হতো আনি পথের ককির হতেম, এখন ঘর পেলেম দার পেলেম বাবু পেলেম ভোমা-দের পোলাম আমার সকল দিগ রক্ষা হল, নৈলে আমি পাথারে ভাসতেম।

💛 🔑 🎮 [निभि जानगरम त्रमगैरमहिरमद अटवन ।]

- র-মো।—কি হে কি হচ্ছে? মনে কিছু অসুথ বিবেচনা কর না, কোন ব্যাঘাৎ না হইলে প্রায় প্রতি শনি-বারেই সাক্ষাৎ হইবে, তার পর এদিগে গোল মিটে গেলে হদ গুই মাস।
- কাদ।—তা বাবু আমি যেতে নারাজ নই, তবে এই সামাজ সামাজ গংনা পত্র পরে ভিল্ল স্থানে থাকা কেমন করে হতে পারে, তা হলে আপনারি লক্ষা পেতে হবে, আমার কি আমাকে দেও না দেও হ আমার কিছু মনে ইচ্ছে নেই, তবে কি একটা মূতন জায়গায় গোলে দশ জনে দেজে আস্বে, তোর কি কি গহনা আছে রে বল্লেই লক্ষা পেতে হবে, মাথা হেট করে থাকে হবে তার বিবেচনা করান।
- র-মো।—(স্বর্গতঃ গতিক ভাল নয় কিছু ভাবান্তর দেখ্চি,
 বোধ হয় কোন কুপরামর্শ পেয়ে থাক্বে, যা হোক্
 দেখি ভাব্টা কি) প্রকাশ করিয়। যে সকল গহনা
 আছে তাই বা মন্দ কি, তা যা হোক্ এখন কি কি
 হলে ভাল হয় ?
- কাদ।—এখন ভাল দেখে একথানা বাজু, আর ভাল এক ছড়া পাঁচনরে চম্রহার, আর কান্বালা অথবা ঝুম্কা এই হলেই আর যা যা আছে তাইতে চল্বে।
- র-মো।—তা আছা যা বলে তা আজ্কাল হঠাৎ সকল এখানে পাওয়া যাবে না, তবে ওনেছি পানে সেক-

রার তৈয়ারি চারনরি এক ছড়। চন্দ্রহার প্রস্তুত আছে কাল আনাব, আর টাকা নিয়ে যাব বরং সে টাকা তুমি নিও, রসিকগঞ্জে গিয়ে ভাল দেখে বাজু কান্-বালা ক্রয় করে দিব।

কাদ।—(স্বগতঃ এতেও ত রাজি হল এখন আর কি বলি)
প্রকাশ করিয়া, টাকা নিয়ে কি হবে? এখান হতে
পরে না গেলে, সেখানে গিয়ে আনালে লোকে
কি বল্বে? আমার লজ্জা কর্ত, না আমি তা
পার্ব না।

র-মো।—(স্বগতঃ বুঝেছি কে কান ভাঙ্গিয়েছে) প্রকাশ করিয়া, দেখ কাল দিন ছির করা হয়েছে বিশেষ আর বিলম্ব করা উচিত হয় না, কাল যাওয়া কর্ত্তবা বরং রসিকগঞ্জে গিয়ে অত্যে ঐ ঐ গহনা এনে পরে তবে সম্রাণীর বাটা যাওয়া যাবে।

কাদ।—(আর কিছু না বলিয়া কহিল) আছা তাই দবে: ভবে কাল কথন যাওয়া হবে ?।

র-মো। — কল্য সন্ধার পর গাড়ি ভাড়া করে রাথা যাবে তার পর ছই প্রহর ছইটা অথবা তিনটার পর রও-রানা হওয়া যাবে।

প্রার ৷

জতংপুর দোঁহে নিশি, বঞ্চন করিল। প্রভীত হইলে কত, ভাবিতে লাগিল।। কুশদেন বলে এবে, ভাব জার কি। সেটা বাধাবার মূল, জগদন্ধা ঝি।।

ঃ বিভাতে অগদন্ধার প্রবেশ 🗐

- जन। (हॅंग) कानियमी चात चाह, मा तमिकना का ताह ? थांक छ अहेरवला (मर्ट्यरनहें, जात छ हठांद एन्था रुद्व ना।
- काम।--मानी अलं भा, अत्या दन दाहा अहे माणाहात বস, তা বাছা মাসী গে: বুঝি আমার কপালে কি আছে বলা যায় না, ভোমার কথা আমার শিরো-धार्या ।
- জগ। তা হয়েছে কি ? কি কথা বাৰ্তা হল তা বল্দেখি আবাগের বেটা শুনি।
- काम। अन्दर कि वाष्टा? आमि य य शहना हाहेलाम তাই বাবু দিতে স্বীকার কল্লেন, তবে এখন আর উপায় কি, কাষেই যাবনা আর কি বলে বল্ব, মাসী গে৷ আমার কপালে কি আছে বলতে পারিনে, (এই निषय (तामन ।)
- জগ।—(অঞ্চলে নয়নবারি মুছাইতে ২) কালা কি গো ? এই জতে কি কাঁদতে হয়, আমি থাতে তোমার ভয় কি वाहा कां पिन्दन यात कां पिन्दन, यात्रिया वित डाहे কর্বি, কার সাধ্য আছে তোরে নাড়ে, ভুই আমাকে काँठा स्मार्थ स्थिष्टिम् नाकि ? महन कर्ति छ তোর বাবুকে সাভ ঘাটের জল আৰু ঘাটে খাও-য়াতে পারি, তায় কায নেই এখন বাছা শোন ভাবনা কি ? ঢাকাই অথবা শান্তিপুরে সাড়ি এক

যোড়া, কাঞ্চন নগুরে থাল, নেপালের গাড়ু, সোনা-রের বাটা, গাজীপুরে ঘটা, নাগপুরে ছাঁকো, মো-হনপুরে বাকা, মদনগঞ্জের চাবির ছিক্লি, নছরে তাবিজ এই সকল দিকি চাবি, তা বাবুও দিতে পা-র্বে না তোরও যাওয়া হবে না, আনিয়ে দিব বলে শুনিস্নে, এই রূপে আজ কাটালে ছমাসের ঘা, তার পর আমি আছি।

(এই दिला अञ्चाम ।

প্রার !

কাদদ্বিনী ভাবে মনে, কি হইতে হায় রে: নিশি দিন তমু কীন, ভেবে প্রাণ যায় রে।। কুশনের বলে ধনী, পড়েছ যে দায় রে। না সুযুধ খেয়েছ কচু, মুর ভাবনায় রে।।

[নিশিতে রমণীমোহনের প্রবেশ।]

কাদ।—বাবু আমুন, গরে তক্তাপোসে বস্তুন হাত ধুরে তামাক দি।

র-মো।— কি হচ্ছে হে আজ্বের বেপারটা কি? কিছু ক্রিয়া কর্ম যে কথা আছে নাকি? যোগাড় যাগাড় বে অনেক দেখি, কতকগুলি নিমন্ত্রণে আছে এঁটে বস্বো নাকি?।

- কাদ।— কৈ না এমন কিছু না, কবে এই শ্বাজার জু-চার জনের জঙ্গে চাল কোটা হয়েছিল।
- র-মো।—আচ্ছা ভাল ভাল বেশ হয়েছে, এখন তবে গাড়ি আনান থাক, হরায় সেরে নেও।
- কাদ।—(গৃহমধ্যে নিকটে আসিরা) কিন্তু গাড়ি আনান হানি নাই, তবে গহনা পত্র যা হোক্ কিছু তৈজৰ পত্র কাপড় চোপড় ত চাই।
- র-মো।—কি হে? আজকে কিছু বাড়াবাড়ি গোচ বে শুস্তে পাই গতিকটে কি? ভাল করে বলদেখি শুনি।
- কাদ।—ভাল মন্দ কি আর মশায়? এক ঠাই যেতে হলে
 যাতে লজ্জা পেতে না হয় জাই কর্ত্তে হয়, এই জপ্তে
 বলি ভাল সাড়ি এক যোড়া নিদেন একখানা চাকাই
 অথবা শান্তিপুরে (এই কথা কহিয়া তৈজবাদির
 নাম হতে না হতে)
- র-মো।—(কিছু রাগ প্রকাশে) আছে। ভাল বোশা গিয়েছে তুমি কর্ম সার, (এই বলিয়া পশ্চাৎ করিয়া শয়ন।)
- কাদ।—(সে সকল কর্ম সারিয়া কতক্ষণ পরে পাথে বিসয়া) ছোট বাবু ও ছোট বাবু, ছোট বাবু কি ব্যিয়েছেন নাকি? এই তামক খান, রাগ করেছেন নাকি? রাত বে প্রায় ছুই প্রহর হল, এই সময়ে গাড়ি আনিয়ে রাখুন্।

র সৈতি আর তোমার কথা ভাল লাগে না, যা মনে থাকে তাই কর আমি আর কিছু বল্ভে চাইনে।

কাদ।—কেন হে এত রাগ কিলে হল? এক ঠাই যেতে হবে তাই ছু এক খানা গহনা, কি ছু এক খানা কোন মূতন সামগ্রী চাই, তা যদি না দেও তবে আমার কপাল মন্দ্র বলুতে হবে।

র-মো।—(স্বগতঃ তবু আসল কথা ছাড়ে না) প্রকাশ করিয়া এখন তার কি বল স্পাই করে কও।

কাদ।—যদি সকল দিতে না পার তবু কতক দেওয়া ও উচিত, এক খান। সাড়ি, একটা (এই বলিতে)

র-মো।—ভাই ক্ষান্ত হও আর কেন বোঝা গিয়েছে, টোক। দিলে কি বোঝা যায় আর বল্তে হবে না থাম।

উভয়ের পশ্চাৎ পশ্চাতী শয়ন।

[প্রভাতে রমণীমোহনের বাদার গমন, একটু পরে অধীনার প্রবেশ।]

अशीना।—वाद् जाश्रनात्क कामप्रिनी এकवात छाक्ट

র-মো।—সে আর কেন ডাক্বে, আমি আর যাব না, ও কার কুমন্ত্রণা পেয়েছে আর নাহক গিয়ে কি হবে ?

- অধী।—তা যা হোক্, তবু আর একবার যান কি বলে বোঝা যাবে, দোষী হওয়া কিছু নয়।
- त-स्मा।— ७ कथनह यात ना, जतं त्मावी १७शां किছू नम्न वटि (थहे विनम्न अपन ।)

কাদ্দিনীর নিকটে উপন্থিত হইয়া,—কেমন হে বাঁকা মন সোজা হয়েছে নাকি ? এখন কি বল তা শুনি।

- কাদ। তাঁকা মন সোজা আর কি, সোজাই আছে আ-খাকে অসভোষ করাত উচিত হয় না।
- র-মো।—ভবে গাজি আনান যাক্, এথনিই যেতে হবে.
 কল্য সোমবার যাওয়া হতে পারে না।
- কাদ। আছে। গাড়ি আনান্ কিন্তু একটা কথা বলি, এক খান বড় দেখে কাঞ্চন নগুরে থাল, আর একটা গাড়ু,আর একটা বড়বাটা, আর যা হয় নর সেইখানে গিয়ে দিবেন।
- র-মো।—(সগতঃ যা বলে চাতুরি ভিন্ন নহে, অতএব মেয়ে মানুধের সঙ্গে যে প্রথম করে কি প্রথম কর্ত্তে বাসনা করে, তার মুখে, তার বাপের মুখে, তার সাত পুর-ধের মুখে, তার চৌদ্দ পুরুষ্ণের মুখে,) প্রকাশ করিয়া (রাংগাদ্দেশে) মেরে মানুধের পান্ন দণ্ডবং তো-মার সঙ্গে যা হ্বার তা হ্রেছে এই পর্যান্ত।

কাদ।—(কভক্ষণ মৌনত্রত থাকিয়া চিন্তা করিতে করিতে রোদন।)

[कार्यमञ्जात औरवर्ग।]

জগ।—কেন গা বাছা ও কি কানা কেন? আনল খবর্টা কি তা বল তার পর কেঁদ।

কাদ।—(কোঁস ২ করিয়া রোদন করিছে ২) মানী গো।
বুঝি আমার কপাল ভেঙ্গেছে, বাবু যে রূপ রাগ
করে গিয়েছেন বোধ হয় আর নাক্ষাৎ হবে না।

শ্জন।—ওরে হাবা মেয়ে তুই তাই ভেবে ফাঁদ্চিস্, তার জন্মে একটু ভাবিস্নে, ভোর এখন রসিকগঞ্জে যা-ওয়া না হলেই হল, তুই দেখিস্ হদ ভোর আত্তের রাতটে একলা থাজে হবে, কাল দেখিস্ আবার এই ছারে লোটা লুটি।

কাদ। তা কি হয় বল্ডে পারিনে, বে ৰূপ রাণ করে গিলেছেন তাই ভাবতি।

জগ। – বাছা একটু ভেবনা, স্বচ্নে স্থানাহার করে নিদ্রা দেও, কিছু বলো না খুরে পড়তে ভোমর পারে না। কাদ। – না গো মাসি। বাবু যে রাগ করে গিরেছেন, খা-

मात्र मनके क्यम २ कत्रहा

জগ ।-- অমন ধনি হরে থাকৈ তবে বাসায় থেকে গিয়ে চরণ দেবা কর, নৈলে রসিকগঞ্জে যা মর, ভারত ছাড়া বেটা অমনতর হলে কি কাব পাবি। কাদ।—মাসী গো, এখন আমার আর কেউ নেই সকল মূলাধার তুমি, তুমি যা কর তোমা ভিন্ন আর কিছু জানিনে তুমি যা বল্বে তাই কর্ব যেন প্রাথারে ভাসিনে।

জগ।—ভয় কি বাছা, আমি থাক্তে ভোমার কিছু চিন্তা কর্তে হবে না, দেখুবে ভেরাভিরের অধিক হবে না, যাও বাছা এখন গিয়ে স্থানাদি কর।

[अहे रिलिश अक्षान !

প্রার ।

আতঃপর কাদলিনী, স্থানাদি করি।
ভাবিত চিন্তিত সদা, নিম্রা না হইল।।
যামিনী যাপন করে, শ্যাকেন্টকেতে।
কি করিব কি হইবে, সনত মনেতে।।
এই মতে এক ছুই, তিন দিন যায়।
রমণীযোহন আরু, ফিরে নাহি চায়।।

[अधीनांत्र खारवण ।]

पारी।— एरँगा रावू का तमता मासूबरिंग कि माता बारत ? श्रीत्र क्ष-किन निन रल किंदू बात्र मा, का रल्ट ररल-हिल असन कि रल्व भा। র-মো।—ওর কথা আমার সাক্ষাতে কিছু বলো না, মেরে
নানুষের সঙ্গে আলাপ না কলে চলুবে না তাই
কাষেই কর্ত্তে হবে, কিন্তু আমার ইচ্ছা যে, এমনতর
মেয়ে মানুষ মাত্রে কোন মেয়ে মানুষের সঙ্গে কথা
না কওয়াই ভাল। তা যা হোক্ ওর সঙ্গে যা হবার তা
হয়েছে, তবে আমার এখন এই বলা থাকল যে
যদিও ঐ বাটীতে সভাবে থাকে তবে ওর জীবনাবধি আমি অন্ন বন্ত্র দিব, আর যেন আমার কিছু
শুন্তে হয় না।

[অধীনার প্রস্থান।

[কাদস্বিনীর নিকট উপস্থিত।]

কাদ। - হেঁগা দাসের বি কি হল গা, বাবু কি বল্লেন আৰু কি আস্বেন ?

অধী।—বাছারে কি আর বল্ব। বাবুর যে ভাব দেখ্-লেম ভোমার এখানে আর যে আস্বেন তা বোধ হয় না, তবে বল্লেন তিনি ভোমার খাওয়া পরা দেবেন্।

কাদ।—হেঁগা বাছা, তিনি যদি না আসেন তবে আমার খাওয়া পরাতে কি হবে, জীব দিয়েছেন, যিনি আ-হার দিবেন তিনি, তার জভে তাবনা কি ? অধী।—বাবু যা বলেছেন তাই বল্লেম, এখন যা বিবে-চনা হয় তাই কর।

(थहे विनिश्व) अकान।

[रेटकांटर खनमदांत श्रदनन।]

- কাদ।— হেঁগা মাসি কি হবে গা? বাবু আর এখানে আ-স্বেন না, খাও : পরা দেবেন বলেছেন।
- জগ। তরে বাছা বেশ ত হরেছে, খাওয়া পরা হলেই হল তাও মাদিক ৮।১০ টাকার কম নিদ্নে, তবে তিনি ন। আসাতে কিছু মনোকট হতে পারে বটে কিন্তু তুই থাক্ ন। পুরুষ নার্য ১০ দিন ১৫ দিন হদ্দ এক মাস, তার পর দেখতে পাবিরে এই খানে দেখতে পাবি।
- কাদ।—৮।১০ টাকা কি? শুনেছি তিনি মাসিক ৩ টাকা করে দিবেন তাতে কি চল বে না।
- জগ।—৩ টাকাতে চল্লেই বা তুই রাজি হবি কেন, বল্বি আমার ৮।১০ টাকার কম চল্বে না, শেষ কাষেই-বাবুর আস্তে হবে রে আন্তে হবে।
- কাদ।—আমি রাজি না হলে তিনি কি ৮।১০ টাকা দিতে পার্বেন না তাও দিবেন, কিন্তু বাবু যদি না এসেন তবে কি কর্ব গা ?

জগ i—বাছা, বাবু যদি একান্ত না এসেন তার অনেক ফিকির আছে, বাছা দিন ছুই তিন চুপ করে থাক তার পর বল্ব।

প্রার।

এই রূপে জেনে আট, দশ দিন বাখ।
রমণীনোহন আরু, ফিরে নাহি চায়।।
৪মরে গুমরে ধনী, কেমন হইল।
৪ক দিন উলৈতে খবে, কাদিতে লাগিল।।
কুশদেব লো ধনী, কাদিলে কি হতে।
কুল ধেয়ে আধিয়াছ, কুল নাহি পাবে।।

[ক্রতগতি জাগদস্থার প্রবেশ।]

জগ।—কেন বাছা কালা কেন, এ সময় কালা কেন ১ এমন
পাগলির বেটী পাগলি ত কথন দেখিনি।
কাদ।—(রোদন করিতে২) সাসি গো আমার ছঃখের
কথা কি বল্ব, বিয়ে হতে না হতে শ্বন্তরের কুল
থেয়েছি, ভাল জ্ঞান হতে না হতে বাপের কুল থেয়েছি, যদি বা এক কুল ধরে সার করেছিলাম তাও
থেলেম গা, আমার গতি কি হবে গো মাসী কি
হবে, (এই বলিয়া) যদিচ কালা একটু কম গড়িয়াছিল আরও উচ্চৈঃসরে রোদন করিতে লাগিল।

জগ।—(মুখ মুছাইতে ২) বাছা কাঁদিস্নে আর কাঁদিস্নে চুপ কর, আজুকে এর একটা শেষ করে ভবে ক্ষান্ত হব, সন্ধ্যের পর আমার সঙ্গে যেতে হবে।

কাল।—(কোঁস্ ২ করিতে ২ নাসিকা ঝাড়িয়া) নাসী
সন্ধ্যের পর কোথার থেতে হবে গা, আর কি কর্বে ?
জগ।—বাছা আমি কি নিশ্চিন্ত আছি, সংক্ষার পর উকীলের বাড়ি যাব সেথানে গিয়ে যে পরামর্শ স্থির
হয় তাই করা যাবে, ভুমি গাওরেছ কি ? আমি কি
তেমি মেয়ের মেয়ে যে অশেপ ছাড়ব না অশেপ কান্ত
শ হব, তুই চুপ কর দেখিস আমি কি করি।

প্রার ।

এই রূপে ছুই জনে, কথোপকখন। বলিতে কহিতে নিশি, হৈল আগমন।। খাবে চাবি দিয়ে দোঁহে, গমন করিল। উকীলের বাটী গিয়ে, প্রবেশ হুইল।।

[जिकीन मूनि ছिमिनिष्टानत देवहेकथानाम श्रादन ।]

জগ।— মুন্সি মশার পেরণাম হই গো, আমাদের একটা নিবেদন আছে বলব।

- উকীল। —কেন গা কি হয়েছে ? এটা তোমার সঙ্গে আ-লেন কে গা মুতন না পুরাতন।
- জ্ব। ওবো মুন্সি নশায় এটাকে জান্তে পার্বেন, রমণী-মোহন বাবু বেখেছিলেন।
- উকী। ও হো হো বটে বটে। শুনেছি বটে, রমণীমো-হন বাবু কি এনাকেই রেখেছেলেন, তা এখন হয়েছে কি?
- জগ।—রমণীমোন বাবু আজ ১০০ দিন হল এসেন না, বাছা আমার কেনে মলো তার উপায় করুন।
- छेकी।—तम्पीरमाहम वावू प्यारम ना क्नन, धनात चिक कान मार्ग हराल नाकि ?
- জগ।—না গো বাছার আমার কোন দোষ নাই, তিনি
 লক্ষা পান বলে কিছু দিন রসিকগঞ্জে গিয়ে থাকে
 বলেছিলেন, তাই না খাওয়াতেই রাগ করে আসেন
 না, তা তিনি রেথেছেন রসিকগঞ্জে গেল না বলে কি
 ছাড়তে পারেন?
 - তা তিনি ছেড়েছেন ২, এনারত বেশ বয়েস আছে কেন দেখে শুনে চলুন না।
- জগ।—তা ওকে আমি বিশুর বলেছি, ও তা আর কিছু কর্ত্তে চায় না, এখন আগনার কাছে এলুম একটী নালিশ করে দেইন।
- উকী।—কি রকম নালিশ করে দিব গা ? কিছু বুজ্দি পা-জিলন, রমণীমোহন বাবু এনার সঙ্গে ছেলেন, কি

থোরাক পোধাক দেবেন, তার কোন দলিলপত্র লেখা পড়ি আছে।

- জগ।—না গো মূজি মশায়, তার কোন দলিল পত্র লেথ। পড়া নেই, তবে তিনি মানে তিন টাকা করে দিওে চেয়েছেন তাতে কি চলে।
- উকী।—তা কেন রমণীমোন বাবু ত বেশ করেছেন, তিন টাকা মাসে দিবেন ত আর কি তাতে একটা মানু-থের ত বেশ চল্বে।
- জগ। তিন টাকাতে কেমন করে চলে গা ? ছুজন লোক এলে ছুটো পাণ, কি মানুষ বিশেষ কিছু জলগা-বার মা দিলে কি ভাল [দেখায়, বিশেষ এই যাগ্রির বাজার ৮।১০ টাকার কম কি চল্তে পারে?।
- উকী।—কেন তিন টাকাতে একটা নালুবের বেশ চল্বে, যদি রমণীদোন বাবুনা আলেন এবং তিনিই খোর পোষই দেলেন তবে আর পাণ পানি খাবারি বা খরচ কি, আর অন্ত লোকই বা আসবে কেন, এবং অন্ত লোক এলেই বা রমণীমোন বাবু খোর পোষ দেবেন কেন?
- জগ।—তবে কি হবে গা এর উপার কি? এখন কিনে বাবু এসে তাই করে দেইন (এই বল্তেং জগদমার ইঞ্চিমতে)

কাদিখিনী ছুই হঙ্গে উকীল সাহেবের ছুই পা ধরিরা অশপতিতা হইয়া রোদন করিতে করিতে তুমি আমার ধর্মের বাপ, একটা উপায় করে দেন।

- উকী। (একেবারে ভাব দেখে গোলে পড়ে) ওরে বাছা পাঁছাড় হ ভাল হয়ে বস, ভোম্গারে বলি আরে শোন (গোলামী কম্নে গেলিরে, চেরাকে এটু ভ্যাল দে।)
- কাদ।—(জগদয়ার পাশে বিসিয়া) বাবা ভূমি একটা না কলে আমি আর বাঁচিনে, বাবা গো আমার তিন কুলে কেউ নেই।
- उकी।—दोहा क्रमना किन्छ। नाहे, अत स्तिमा करत प्रत, अकथाना मिलल कर्ल्ड हरव, अथन प्रक्रानी क्रि कि क्षित्रनाती कृति, प्रक्रानी क्षित्रनाती हें ज्ञामि प्रा-हेन (३) पात कारह भान, या भ्रतमर्भ जाल हरव जोहें कता यारव।
- জগ।— রুজি মণায়, আমরা কি বল্ব, আশ্নি যা ভাল হয় তাই করুন, দেওধানী কৌজদারী ছুই কল্লে ভাল হয় না? যাতে বেঁধে আনা যায় তাই করুন।
- उकी।— ज जाम्हा जाज्यका ताज श्राटक आक्रका यां अ, क्रिन्दिन का जाल इस ठाइँ कर्न।

পয়ার।

জভঃপর ছাই জনে, গমন করিল।
ভাগি বাসে হা হতাপো, নিশি পোহাইল।।
প্রভাত সমকে দোহে, করিল গমন।
ভিকীলের বাসে আগি, করে নিবেদন।।

⁽১) আইন পশ্চাৎ সারার্থ।

- জগ। মুন্তিৰ মশার কি ঠাওরালেন? আমি ঠাওরেছি কি,

 মাসে দশ টাকা করে দেওয়ার জতে দেওয়ানীতে

 এক নালিশ করুন, আর ফৌজদারীতে এক দর্থাস্ত

 করুন্ যে রমণীমোহন বাবু নিন্তি রান্তিরে কাদ
 ঘিনীর ঘরে এসেন আর যদি এক রান্তির না এসেন

 তবে পর দিন দিনের বেলায় এসেন, বদি দিনের

 বেলায় না এসেন তবে তাল দেখে একখানা গয়না

 দেবেন তাই করুন্ তা হলে ভাল হবে, যেন আজ

 রেতেই আসেন।
- উকী।—(মনে মনে হাস্য করিয়া এত মন্দ নয়, ভাল মেরে
 মান্ন্যের পালায় পড়েছি, যা হোক্ ক্রমে নিরন্ত
 করা উচিত, যেহেতুক যে হেতু বলে কোন আইনমতে
 কোন আদালতে নালিশের গোগা নহে, বিশেষ
 ভদ্র লোকের অ্থাতির স্থচনা করা উচিত হয় না
 এই ভাবিয়া) প্রকাশ করিয়া, আছো তা যা ঠাওরেছ
 সেই ভাল ঐবস নালিশ করা যাবে।
- জগ।— তবে মুন্সি মশায় আর দেরি কর। হবে না আজই দরখান্ত লিখুন, তার ফিকি কত গরচ চাই বলুন।
- উকী।—(মনে মনে, একটা মুগাবিদা ত করা যাক তার পর যা হয় হবে) প্রকাশ করিয়া থরচ অনেক চাইরে বাছা তা বল্লব, আগে মুগাবিদা ত করি।

्रम् सिंख्यानीरक नानिरभेद আतलीत सूत्राविमा।]

यानिनी।

প্রতিবাদী।

জীয়তী কাদস্থিনী বিবৃথিনী।
জ্ঞাতি নুনি মধ্যোগিলী।
ফীবিকা প্ডোথপিড়নী।
বয়ংক্রম প্রায় কোলো যৌবনী।
নিবাস মৈত্র মর্জনী।
থানা জগদন্থা বেশিনী।
পারগনা গোলোগোগ থামিনী।
জেলা অবাবিত ধার বাসিনী।

প্রীযুত বাবু রমণীযোহন
জ্যতি ইন্দ্রির দাহন।
পোনা পূর্বে তকণী মান্ন।
কক্ষণে নিতৃত্তি অনলপ্তন।
বয়েন কমতংগম বিলক্ষণ।
নিবাস নিশিক্তা ভবন।
বানা উদ্যান গ্রেপন।
পার্গনা কুনক্স বর্জন।
ক্ষেলা ক্রিক্তি ধার স্বন্ধ।

নিবেদন এই যে যদিচ আমি আপনা ংতই কুল-কলন্ধিনী হইমা কুলে জলাঞ্জলি দিয়া কুল ত্যাগিনী হইয়াছি, তথাচ আমার নিতান্ত যতে ও কারিক এবং শরীচের বিশেষ স্থানের পরিশ্রমে ও উদ্বোগে ও চেন্টার্
প্রতিবাদী বাবু মহাশয় আমার হাত ছাড়াইতে না পারিয়া নিতান্ত আমি গলা চাপা ছওরার স্কুতরাং আমাকে
আনিরা বিলু দিন স্থীর সভোগে রাথিয়া, তাহার অভিমতে প্রথম স্থীকার করিয়া পরে আমি পরের কুমন্ত্রণায়
রসিকগঞ্জে যেতে নারাজ হওরায় বাবু আমার উপর চটিয়া
গিয়া রতিরঙ্গে কান্ত হওয়ায়, (তজ্জাত স্কুড়েন্ড্রনী ভাঙ্কিবার নালিশ ফৌজনারীতে করিব) কিন্তু এক্সণে আমার

ভরণ পোষণার্থে ৩ টাকা করিয়া যে দিরা আসিতেছেন তাহাতে অচল বিধায় রাত্র দিন আনার ৮।১০ টাকা ভিন্ন চলিতে না পারার কারণে প্রার্থনা যে, প্রতিকুলাচরণ প্রতিবাদীর প্রতি, প্রতি মাসে ১০।১০ টাকা করিয়া দেও-নের অনুমতি হয়, তাহাতে আমি দিনমানে যা হোক, নিশিযোগে লোক সমাগমে একেকটা পাণ এবং কাহাকে, বা জলযোগ কাহাকে বা স্থলযোগ করাইরা জীবন্ধাত্রা নির্বাহাতে মড়া পুঞ্জরিণীসার্গী হই নিবেদন ইতি।

্ফিজিলারী আনালতে নামিলের ছরখা-ধ্রের মুয়াবিলা।]

দরখাস্ত কারিণী বির্মবদনী খ্রীমতী কাদম্বিনী প্রায় ঝোলা যৌবনী, নিবাস একণে র্মণস্থ পুর, থানা জগদ্ম। পাড়া, জেলা প্রায় জীবননগর, নিবেদন এই যে একণে দুয়াস্থ্যপূর নিবানী খ্রীয়ৃত রুমণীমোহন বাবুকে যদিচ আমি বন্ধথ ছালায় মনোওত পাইয়া কটাকাঘাতে বিমোহিত করিয়া মননে গোপনে নিজ্জানে বিজন বনান্তিত রভিন্দিরে দেবীর সহিত যথা বিবানে আলিঙ্গনে সমাধানে ব্যাপিত হ্রেছিলাম, এবং একণ্ডেও নারাজ নই, অথচ তাহার মতাবলম্বিতে রুসিকগঞ্জে বেতে অস্বীকার ছিলাম না, কেবল মাসীর মতে মত ফিরির। যাওয়ায় অসম্মত হওয়াতেও তিনি চট পট ছেড়ে চোটে পিয়ে উদরাছাদন

দিতে স্থীকার আছেন, তথাচ ধর্মাবতার পেট চল্লে কি হবে? সদ্বাবহার ব্যাপার না চল্লে কি আমি মনঃস্থির করে থাকে পারি? এজত প্রার্থনা করি, জীয়ত রমণবিরহী রমণীর প্রতি অনুগ্রহ প্রকাশ করিয়া যৌবন বিনট্ট করা শিষ্ট বিশিষ্ট অনিউকারী প্রতিবাদীর পক্ষে, প্রতি নিয়ত যামিনীতে অধিনী কামিনীর ভবনে গমনে যন্তের স্বড়স্থভানী যন্ত্রনা নিবারণের অনুসতি প্রদান করিয়া, তিকুল হীন বিরহিণী তরণীর তরণী হাল ধরিয়া কুলে পাড়ি জমাইতে অনুসতি হর নিবেদন ইতি।

(এই মুসাবিদ, করিয়া উকীল কহিল।)—১০/১৫ টাক: খরচ চাই যোগাড় যাণাড় করে আন।

কাদ। নাসী, উকীল মশার বেশ দরখান্ত লিখেছেন, আমার মনের মত হয়েছে, আজই নালিশ কর্তে হবে, আজ সন্ধোর পর বাবু এলেই হয়।

জগ। — তবে চল বাছা এখনি টাকার যোগাড় যাগাড় করে আনি, টাকা সঙ্গতি না থাকে ত বল্ তোর গহন। বন্দক দিয়ে এখনি টাকা আনি।

উকী।—(স্বগতঃ ভাল লেটা দেখতে পাই এদের থামান যায় বা কি করে) প্রকাশ করিয়া তা এজ্কো গে খাওরা পেওয়া কর, দরখান্তের যো গেছে।

জগ। – তা আফা বেশ আজ বেলাও অনেক হরেছে, আজ টাকা টুকী জুটে জেটে কাল সকালে দরখান্ত লিখে काष्ट्राहित अगत (मध्या याद्य, यिन थेड निम शिर्म्स्ट्रिक् ७ थेक निर्म आत गात यस्य याद्य मा।

[সকলের প্রস্থান।

প্রার ।

এই রপে জনদম্বা, আম্বা করি মনে।
নিতা যায় ধনী সহ, উকীল ভবনে।।
উকীল প্রতাহ ছলে, করে কাল কর।
আজি কালি করে গত, কত দিন হয়।।
কাদিখনী বলে মাসী, কি হল কি হল।
বাসনা না হয় পূর্ব, নময় কৈ রবে।
জাজি কালি কর্ছেণ, নিম্নে নিতে হবে।
ভাজি কালি কর্ছেণ, নিম্নে নিতে হবে।

জগ।—বাছা আর এত ভাবিস্নে, ভেবে ভেবে যে তুই
আদ্খানি হয়ে গেলি, ছেডেছে রমণীমোহন বার
ছেডেছে, তুই যদি বেঁচে বর্ত্তে থাকিস্ আর যদি
মনে, কবিসু, ভুবে ভার মত কত বাবু এই ছারে গড়াগড়ি যাবে।

কাদ।—বাছা বলে বটে, কিন্তু যেমন যার তেমন কি আর
হয়, বিশেষ সেই আমি সোমত হতে না হতে বৈটি।
য়ুটি হয়েছে বাছা কেমন করে ভুল্ব আর কেমন
করেই সয়ে থাকব ২

करा। - योष्टा तत अहे भारी लिए नव नग्न, 'भारी ल महाभार যা সওয়াও তাই সয়" খাওয়া সয় নাওয়া সয় নিজা नप्त जिन्छा नेत, उत्र नप्त निर्लय नप्त, यान नप्त ज्ञान-মান সয়, ধর্ম সম অধর্ম সয়, কটাক্ষ সয় প্রত্যক সয়, নিজ্জনি সয় গজজনি সয়, জড়াজড়ি সয় গড়াগড়ি সয়, তুড়কুড়ী সয় হুড়হুড়ী সয়, হাম্ডা হাম্ডি সয় কাম্ছা কাম্ছি সয়, গোমরা গুমরি সয় কোমরা কো-মরি সয়, গলাগলি সয় মলামলি সয়, বর্জন সয় মর্দ্দন সয়, চুম্বন সহ জন্তন সয়, ঠালাঠারি সর মারামারি সহ, ধরাধরি সমু পরাপরি সমু, মোড়ামোড়ি স্য কোঁড়াকুড়ি সর, হাতাহাতি সর মাতামাতি সর, উর-উরী সম ভুরভুরী সম, গুরগুরি সম ছরছরী সম, বুক-বুকি সয় মুখমুখী সয়, হানাহানি সয় ভানাভানি সয়, চর্ভাচনী সয় পটাপালী সয়, কাটাকাটি সয় ফাটাফাটি সয়, নাদন সয় গাদন সয়, কর্মদণ্ড সয় চর্ম্মদণ্ড সয়, কথফুপি সম উপউপি দম, কোলাকোলি দম খোলা-খোলি সর, তাড়াতাড়ি সর ছাড়াছাড়ি সর, অবিচ্ছেদ সম বিচ্ছেদ সম, ভূতন সম পুরাতন সম, হলাংল সম চলাচল সর, জালা দর যন্ত্রনা সর, হাসি সর কারা गर करा है जिल्ले, उद्योश रेक्न मार्ग ।

> [ইত্যাদি কহিয়া এখন আসি বলিয়। জগদমার প্রস্থান।

षादेन मश्यूक कामित्री नाहेक।

জনে কাল্যাপন হইতে লাগিল কিন্তু রমণীমোহনের আর দুক্পাত মাত্রও নাই।

প্রার।

ইতিমধ্যে কাদদ্বিনী, বির্হিনী গ্রনী।
দেখা হেতু আজ্ঞমণ, তু-ভিন রজনী।।
কৃতকার্য্য না হইয়া, তুঃখ ভাবে মনে।
কি করিব কি হইবে, সদা সর্কক্ষণে।।
কুশদেব বলে খন্ত, পুরুষের প্রাণে।
জিতেন্দ্রিয় বলা যায়, রমণীদোহতন।।

[অতঃপর কাদমিনীর ককারাদিতে খেদ।]

প্যার ৷

কর্মদোবে জন্মভূমি, কি কণে এলাম রে। থলের হাতেতে পড়ে, ভাবিয়া নেলাম রে।। গলায় কাটারি দিয়ে, কেন না মলাম রে। ঘোর দায় পড়ে একি, বস্ত্রনা পেলাম রে।।

े छेके छेल (कर्न आणि, भरतरत मिनाम रह । চর্মচোথে কুঘটনা, ভালই ছিলাম রে।। ছল পেয়ে কলে ছলে, না ভেবে মজায় রে। **# खाम नित्न क्वांना मिट्टे, कावनांटे मकांव्र दि !!** বার বার বারে আঁখি, কেই না নিবায় রে। . ज नाक्ष्मां कि नाक्ष्मा, कव कांत्र हांग्र रह ॥ हेटन शेष्टि हटन (घटि, इन এकि मांग्र रत । ঠকা হৈল এই বার, ছংখ কব কায় রে।।। ভাকাতি যে ছিল ভাল, আমার পকার রে। णांक टर्गन तरास्थ तान, मां द्वति ठक्षांय द्वा। नकारतत अध्य तुनिः, अस्मिष्ठ धतांश रतः। তবু ভাল মন এদি, ফান্ত হয় ভায় রে।। থর থর করে দেহ, ধরা নাহি যায় রে। मद मह रहत छन्। उत्त भएउ यांत्र व्या धत भत करत सम, अभि यादित हांत्र दत । নয়নের কোণে তবু, ফিরিয়া না চায় রে ॥ পরাধীন যেই জান, তার মুখে ছাই রে। ফাঁফরে পড়েছি আর, সকল হারাই রে।। ৰণি কাম আৰু যায়, কোথায় বা ৰাই ৱে : ভবে এলে ভেগে ভেগে, কিনারা না পাই রে । মরি মরি কিবা করি, সদা ভাবি ভাই রে। যত তাসি তত ডুবি, নাহি পাই খাই রে॥ वक्रमी कि जिनम्बि, जीवना मनाहै दि। नक राक याहा (होक, पख राक गाँह (त ।। वर्ग इन एउदव कालि, नम् खुद शीप्र दत्र। भात रहन बार्ट्स दूरक, शीक गांहा गांत्र रह ।। ষট না বুঝিতে পেরে, জেবে প্রাণ যায় রে॥ मकानां तांचन यपि, पूच कुरत ठास दत ।!

क इन्त भिरतत अन्ध य क्रांटन आ स्टेग्नारइ।

হল ক্লেণ তমু শেষ, তবু তার খায় রে।
ক্ষান্ত নাহি হয় মন, হায় হায় হায় রে।
কুশদের কট ভুগে, এছ কৈল নায় রে।
বন্টাক্ষে প্রণাম কিন্তু, এ প্রেমের পায় রে।

ইতি দিতীয় খণ্ড।

रेश्त्राकी ১৭৯० माल नार ১৮৫৮ माल।

पिछम्नी वर्गकाती देशांनि वर्गदेवत मात्रमध्यह।

ত আইন।—আদালত স্থাপন। দেওয়ানী মোকদ্যা উপস্থিত করণের স্থান ও কাল এবং বিচারের নিয়ম।

৪ আইন। — আরজী ইত্যাদি স্প্রাল জওয়াব লিখি-বার ও তেতুমা দাখিল ও সাফী হাছির ও এক তরক; বিচার, ও ডিকীজারী এবং বাবস্থা তলব, ও ডিক্রী লিখি-বাব বিষয়।

৫ আইন।—প্রোবিক্সেস কোট সংস্থাপন ও তাহার বিচারের নিয়ম।

৬ আইন। — সদর দেওয়ানী আদালতের বিচারের ও ডিক্রীর জারীর নিয়ম।

৮ আইন। — বন্দবস্তের নিয়ম ও তালুকদার প্রভৃতির । অধিকারের নিরূপণ বিষয়ক।

२ बाईन। - कोकन्ती मःकाउ।

১০ আইন।—অযোগ্য ভূম্যধিকারীরদিগের ভূমি ই-ক্যাদি কোট ওয়ার্ডনের অধীন হইবার বিষয়।

- ১১ আইন।—উইল না করিয়া কিম্বা কোন নিয়ন ধার্য্য করিয়া কোন ভূম্যধিকারী মরিলে তাহার সম্পত্তি যে কপে যাহাকে অর্শে তাহার কথা।
- ১২ আইন। কাজি পণ্ডিত প্রভৃতির নামীয় যুবের মোকদুমার বিচারের বিষয়।

১৩ আইন।—এদেশীয় আমলাগণের নামে ঘুবের নালিশ ও তাহার বিচারের নিয়ম।

১৪ আইন।—কালেক্টর কোন জমীদার প্রভৃতির স্থানে জবরদন্তীর ছারা কিছু লইলে তাহার নালিশের বিষয়।

े ३৫ जाहेन। - कब्ब हेट्यानि छोकात स्टूरनत निर्तिथ ও सूप शाहेतात निराम।

্বত আইন। — অস্থাবঁররে মোকদ্দমা সালিশের প্রতি অপণ্তইবার ও বিচার হইবার ক্রম।

১৭ মাইন।—বাকি থাজানার জল অস্থাবর সম্পতি কোক করণের ক্ষমতা ভূমীর অধিকারী প্রভৃতির থাকা ও সেই ক্রোকের নিয়ম।

५० वाहेन। — निष्कत कृणित गद निर्गरात विषय।
 २१ वाहेन। — कोकनाती मध्याय।

ে ২৪ আইন।—পেনস্যনের বিষয়ী কালে**ন্ট**রের কৃত নিষ্পত্তির বিরুদ্ধে আদালতে নালিশ না হওন।

২৬ আইন।— অপ্রাপ্ত ব্যবহারের সময় নিরূপণ। ২৭ আইন।— সাম্যেরাতের বিষয়। ২৮ আইন।— ফৌজদারী সংক্রান্ত। ৩৬ আইন।—রেজিইটরের বিষয়।

৩৭ আইন।— আলতগমা জায়গিরাদি বাদসাহি দা-নের নিষ্কর ভূমির বিষয়।

৬৮ আইন।—চিহ্নিত চাকরেরা কাহাকেও কক্সনা দেওয়ার বিষয়।

৩৯ আইন। — কাজি নিযুক্তের বিষয়।

8> **बाह्म !— बाह्म अकार्यात नियरमत दिवय ।**

৪৮ आहेन। - भाँ । मिन वही टेडबात कतरनत वियस।

৪৯ **आह्रेम । — को**जनाती मश्क्रां छ ।

৫০ আইন।—ভুমাধিকারিনী খ্রীজোক উপযুক্ত হইলে কোর্ট ওয়ার্ডনের অধীনে তাহার অধিকার ভূমিন। যাই-বার বিষয়।

३१३८ माल।

४ **षाह्म । – পাউ। एउट**नत ७ कम। तमरस्त विरुत्त । २२ षाह्म । – कोकमाती मध्यात ।

३१२६ मोल।

৬ আইন।—কৌজদারী সংক্রাস্ত।

১२ **बाह्न।** कोजमाती त्रःकान्छ।

ত আইন।—বাকী খাজানার জন্ম প্রজার অন্থাবর। সম্পত্তি নীলাম করণের নিয়ম। ে ৫৮ আইন।—নিম্কর ভূমির ডিক্রী হইলে তাহার চুস্কক কালেক্টরীতে পাঠাইবার বিষয়।

১৭৯৬ সাল।

२ पाइन। -- कोजनाती मःकास।

ত আইন।—অনুপযুক্ত অধিকারীগণের অধিকার ভূমি কেবল উত্তরাধিকারিকে সত্ত্ব হইলে কোর্ট ওয়ার্ড সের অধীনে আসিবার বিষয়।

৭ আইন।—দোষান্বিত অধিকারীগণ অযোগ্য বোধ না হইবার এবং তাহারদিগের অধিকার ভূমি কোর্ট ওয়া-র্ড সের অধীনে না আসিবার বিষয়।

১০ আইন।—সদর আদালতের সাহেবদিগের প্রতি আইনের অর্থ করণের ক্ষমতা দেওনের আইন।

১০ আইন।— আপীলী মোকদ্মার জামীন দেওন ও বিরক্তজনক আপীলে জরিমানা।

५१२१ मान।

819150 बाईन।-कोननाती मध्काख।

১৫ আইন। — কালেক্টরেরা স্থকর ও নিম্বর জুমির খারিজ দাখিল করণের রস্থম পাইবার বিষয়। ১৯ আইন। — বিলাত আপীলের বিষয়।

३१२४ माल।

১ আইন।—খাতকদিগের বন্ধকী সম্পত্তি উদ্ধার কর-ণের উপায়ের বিষয়।

২ আইন।—আপীল আদালতের পণ্ডিত কাজির স্থানে ব্যবস্থা ও ফতওয়া লওনের বিষয়।

ত আইন। — দশহরা ও মহরম উপলক্ষে আদালত বন্ধ হওনের বিষয়।

 क्याह्म।— आश्रीजी । माक्स्मात आभीन (नश्न वि-व्यक।

३ १ के व माना।

৫ আইন। — মৃত ব্যক্তির সম্পত্তির উত্তরাধিকারী নির্দ্ধিট করণের বিষয়।

৭ আইন।—ভুমাধিকারীগণের প্রজার স্থানে বাকী খাজানা আদায়ের নিয়ম।

ন আইন।—আদালতের ছুকুমের বাধকত। করণের অপরাধের দণ্ড করণের আইন।

আইনের সারসংগ্রহ।

১৮০০ সাল।

১ আইন। – সাধারণ ভূমির সরবরাহকার নিযুক্তের

35 cs. माल !

১ আইন। – সরকারের খাস মহালের ভূমির খাজান। আদায়ের নিয়ম।

२ षाहेन। – मपत्र जामांगट गामनीत (जानाननमीत

ু আইন। — মিখ্য। সাফ্রী দেওন ব্যক্তির কৌজদারী গোপদি।

२ शाहेन। - ১৭२२ मार्टनत १ आहेरनत निश्चिष्ठ मछक निमक পোकामीत भनाकामात्रमिर्गत छेशत करी इहेरात निरम।

३४०० माल ।

ভাবাচ্যাচচাহ্যাত আইন।—কৌজদারী সংক্রান্ত।

৫০ আইন।—সরকারি উকীল সরকারের তরক যে
নোকদ্যা উপস্থিত করেন তাহাতে হমক অনাবশ্যক।
৫০ আইন।—কৌজদারী সংক্রান্ত।

১৮০৪ সলে।

১ আইন।—অকর্মণ্য সিপাহীদের জারগীর তাহার-দিগের দেনার বিক্রয় হইতে না পারিবার বিষয়।

৩ আইন। — কৌজদারী সংক্রান্ত।

उपन्य माल।

- ২ আইন।—মোকদ্দমা উত্থাপনের মিয়াদের বিষয়।
- आहेन।—(कोकमाती मध्यासः)
- ১৫ আইন।—এডিসেনন সদর আমীন নিবুক্ত হইবার বিষয়।
- ১৭ আইন।—সাধারণ ভুন্যধিকারীরা সরবরাহ্কার নিযুক্ত করণ ব্যতিরেকে ভুমির থাজানাদি উন্তল তহশীল করণে সক্ষম।
- ১৮ আইন।—জঙ্গল মহালের অন্তঃপাতি জমীদার-গণের প্রতি পোলীসের ক্ষমতার্পন।
- ১৯ আইন।—নওয়াব নাজীমকে পত্র লেখার পাঠা-পাঠ।

১৮০৬ সাল ।

২ আইন।— প্রতিবাদীর নামে এতেলা জারী করণ ও তাহার স্থানে হাজির জামীন ও মাল জামীন লওনের বিষয়।

- ^র ৭ আইন।—কলিকাতার পরমিটের সাহেবানের নামে চলিতাইনমতে যে নালিশ হয় তাহা জেল। ২৪ পরগনার আদালতে হইবার বিষয়।
- · ১১ जाहेन।—कोजनाती मरकाछ।

1

- ১৫ আইন।—মৃত ত্রিটনীয় প্রজার সম্পত্তির উত্তরা-রিকারী নির্দিক্টের বিষয়।
- ১৬. আইন। নওয়াব নাজীমকে পত্ৰ লেখার পাঠা-পাঠ।
 - ১৭ আইন। -- বয়বাত জারীর বিষয়।

३४०१ माल।

ন ১২ } আইন।--কৌজদানী সংক্রান্ত

३५०४ मान।

- » **पार्टन ।— कोजनाती मःकारु ।**
- ১১ আইন।—অকর্মণ্য সিপাহীগণের স্বায়গীরের বিষয়।
 - ১৩ जाइन।— जाशीली त्माकक्रमात जामीत्मत विषय।

३৮३ • शाल।

रु षारेन। - कोक्नाती मध्याखा

५० व्याह्म। — जमत प्रश्वानी व्यामानट्ड नाट्रा-त्नत देवर्ठत्कत निरम।

১৬ আইন।—ফৌজদারী সংক্রান্ত।

১৯ আইন।—উত্তরাধিকারী রহিত বস্তুর উপর রাজার অধিকার হইবার বিষয়।

२० पाइन। - इकामात त्रिशाही इंग्रामित नानिट्यत

३५३३ माल ।

वाहिन।— को बनावी मध्यां ।

১১ আইন। — বাঁটোয়ারার বিষয়।

১৮১२ माल।

৪ আইন। – সাধিন রাজাদিগের মোকদ্দমা উত্থাপ-নের ও তাহার বিচারের নিরম।

৫ আইন।—বাকী খাজানা আদায় জন্ম প্রজার অস্থা-বর ক্রোক নীলামের নিয়ম।

১৬ আইন। — কলিকাতার ছোট আদালতের ডিক্রী জেলা চ্ফ্রিশ প্রথনার দেওয়ানী আদালতে জারি হইবার কথা। ১৮ আইন।—ভুমাধিকারীগণ সর্ককাল মিয়াদে পাত্ত। দিতে পারিবার কথা।

२० आईन। — मलील मखादिङ রেজিকরী করণের

৩০ আইন।—ফৌজদারী সংক্রান্ত।

২ আইন।—খাজাঞ্চী প্রভৃতির তহবিল তছৰূপি অপ-ধের দণ্ড করবের বিষয়।

৬ আইন।—স্থাবর বিষয়ের আপোস সালিস অথবা আদালত কর্তৃক নিয়োজিত সালিসের নিস্পত্তি করণের নিয়ম।

১৭ আইন। — সিবিল সরবেণ্ট নামে মুষের নালিশের বিষয়।

३५३३ माल।

২ আইন। সরকার বাহাছবের নামে নালিশের নি-য়ম।

५ । अव्हेन। - कोबनाती मःकार।

১৯ আইন।—জমীদারী ইত্যাদি বাঁটোয়ারার বিষয়।
২১ আইন।—বিচারকেরা স্বীয় মহাজনকৈ কোন
কর্মে নিযুক্ত না করণের বিষয়।

২৩ আইন।— নুষ্ঠেক ও নদর আমীনের এলাক। নি-র্ণয় ও বিচারের নিরম।

২৪ আইন।—দেশীয় আমলার প্রতি জোবানবন্দী করণের ছকুম দেওনের বিষয়।

২৬ **আইন।—সার্নত ও** আপীল[া] সরাসরী আপীল ও থাস আপীল ও ছানী তজবিজের বিষয়।

২৭ আইন।—উকীল নিযুক্তের ও তাহারনিগের কর্ণোর নিয়ম।

২৮ আইন।— যোত্রহীনের মোকক্ষা আফ ও বিচা-রের নিয়ম।

३५३७ जाल ;

১১ আইন। — পেসকশী মহালের বিষয়।

১৩ আইন।— পোত্তের চাস করণ হেতুক বেশী খা-জানা না লওন।

১৪ আইন।--ফৌজদারী সংক্রাস্ত।

১৫ আইন।—দেশীর ভূদাদার সিপাধীর নোকদ-মার বিষয়।

२२ जाहेन। - कोकामाती मःकाख।

1000 (100 mg mg **3539 対向 1**59 mg)

৫ আইন।—পোঁতা ধন পাওনের বিষয়

प } पाईन कोकनाती मःकास ।

১२ आहेन। - काबून (१) नियुर्ज्यः विषयः।

১० थाहेन।— लालगाली इ वियस।

১৮ অইন।-- মৃক্তেফ ও উকীল ও আমসাগণের হল-ফের গারিবর্ত্তে একরারনাগা লিখিয়া দেওনের বিষয়।

১৯ আইন। – খাস আপীসের ও বাকী খাজানার কাংণ সরাসরি মোকন্দমার ভুকুম শুণরিবার বিষয়। ২০ আইন। – ফৌজদারী এবং পোলীস সংক্রাপ্ত।

३५३५ माल।

১ আইন। — চলিশ গ্রগনা ও নদীয়া প্রভৃতি কয়েক জেলার কাত্মনগো নিযুক্তের বিষয়। ৩ আইন। — রাজভোহীদিগের দঙ্গের বিষয়। ১২ আইন। — ফৌজদারী সংক্রান্ত।

১৮১৯ সাল।

२ णाइन। — लात्यद्राज वाटजणाखित ও वारानीत विषय। ৭ আইন।—কুত্র চাকর ও কারিগর প্রভৃতির মাহি-মানার বাবত কৌজনারী নালিশ।

ি ৮ আইন।—পত্তনী তালুকের ্ও জাহার ুধাজান। সালায়ের নিরম।

১ • चाइम । - मिमक मध्यांच मिकलगात विवत ।

১৮२० माना

১ আইন।—১৭৯৯ সালের ৭ আইনমতে প্রেনী তা-লুক নীলাম হওনের বিষয়। ও আইন।—ফৌজনারী সংক্রান্ত।

১৮२> मान्।

२ षाहेन। — मृत्मकिमितित क्रमण हिन्नित षाहेन।

अषाहेन। — পণ্ডिত মৌলবী ও সদর আমীনদিগকে

कोकमाती মোকদমা বিচারার্থে অর্পণ।

३४२२ गान।

ু । আইন (—কৌজদারী সংক্রান্ত। ৬ আইন।—কোট ওয়ার্ডনের ক্রমতার বিষয়। ্রাজাইন। — ইন্তমরারি ফলবন্ত ন। ইওয়া ভূমির বন্দ-বত্তের বিষয়।

. ১১ आहेत । नेत्रकाती वाकी श्राकानात नीलाटमत

२५२७ माम ।

२ } वाहेन।—कोबनाती मःकाछ।

🌣 আইন। — নীলপাত বিষয়ক সরাসরি নালিশ।

৭ আইন।—চিহ্নিত চাকরদিগেরকে কজ্জ দেওনের নিবেধের বিষয়।

उंदर शाल।

- ১ আইন।—গর্ণমেন্টের প্রয়োজনীয় ভূমি সরকারে ধরিদ করণের বিষয়।
 - २ आहेन।-कोकनाती मध्काछ।
 - 8 षाहैन।—द्रिष्किर्देत्त विषय।
 - ৬ আইন।—কৌজনারী সংক্রান্ত।
 - १ षाहिन।—षावकात्रीत विषत्र।
 - ১० थाहेन। कोबनाती मरकान्छ।
- ১১ আইন।—মোকদ্দদার বিশেষ অনুসন্ধান অন্ত অধ্যন্ত আদালতের হাকিয়ানকে পাঠান।

১০ আইন।—সদর আমীনদিগের ক্ষমতা হৃদ্ধির আ-ইন।

১৪ আইন। — সরাসরি বাকী খাজানার নালিশ ও বিচার ক্ষমতা।

३५२६ माल।

১ আইন। – বিচারকের। স্বীয় ত্কুম সফল জন্ত স্বং সরেজমীনে ঘাইতে পারেন।

২ আইন। — পুনর্বিচার ও মুফলেগীতে খাস আপী-লের বিষয়।

৪ আইন।—ফৌজদারী সংক্রান্ত।

৭ আইন।—আদালতের ডিক্রীজারী নীলাম বিষয়ক আইন।

৮ আইন। — আমলাগণকে নিজের কর্মে প্রয়োগ ন। করণ।

৯ আইন। — ইন্তমরারি বন্দবন্ত না হওয়া ভূমির বন্দ-বন্তের বিষয়।

১১ আইন।—পয়ত্ততিচর বন্দবত্তের বিষয়।

১২ ১৬ । बाह्म। — कोजनाती मःकाख।

১৯ আইন। – নওয়াব নাজিমের বিষয়।

২০ জাইন।—ব্রিটনীয় প্রজা গৈ ছদিলের মোকদ্দার বিষয়

১৮২৬ সাল। ত আইন।—ফৌজনারী সংক্রান্ত।

३४२१ मोल।

ত আইন। — পণ্ডিত মৌলবী ও আমলার নামে বুনের নালিশ।

৪ আইন। -- সদর আমীনদিগের ক্ষমতা হৃদ্ধির আ-ইন।

৫ আইন। সাধারণ অধিকার ভূমি ক্রোক ও সরব-রাহকার নিযুক্তের বিষয়।

३४२४ मान।

२ जार्रेन। -- एको जनाती मण्डला ।

ত আইন।—ইম্পিসিয়েল ক্মিসানর নিযুক্ত ও তাহার-দিপের কার্য্যের বিধয়।

৫ আইন।— সৈশ্ত সম্পর্কীয় কোর্ট রিকোয়েন্টর ফয়-সালা জিলা আদালতে জারি হইবার কথা।

৮ आहेन। - योजनाती मःकान्छ।

১৮२२ माल।

३ । अव्याह्म । कोजमाती मःकास्त्र ।

৯ আইন।—সরকারী বাণিজ্যের কুঠীর রেসিডেন্ট প্রভৃতির নামে নালিশের বিষয়।

১০ আইন। — ইফান্সে মাসুলের, ও দাবির পরি-মাণে নিৰূপণের বিষয়।

১০ আইন। — সরকারের নামে নালিশ ও সরকারি উকীল নিযুক্তের নিয়মের বিষয়।

১৪ আইন। — তিল্লাধিকার নিবাসী ব্যক্তির মোক-দ্মার বিষয়।

১৮৩c माल ।

৫ আইন। - নীলপাত সংক্রান্ত মোকদ্মনার বিষয়।

७ आह्न। -- (मुअरानी क्रामीतरमत श्रीताकीत विषय

३४०३ माल।

c আইন।—প্রধান সদর আনীন নিযুক্ত ও সদর আ-মীন এবং মুক্তোফ তাহাদিগের ক্ষমতার বিষয়।

৮ षाइन। – वाकी शाकानात मतामति ५ जिल्हानी नालिम्यत विषय। ভ আইন। — সদর দেওয়ানী আদালতের বিচারের নিয়নের বিষয়।

३५०२ माला।

२ णाईन। - को जमाती मध्याख !

ভ গাইন। - গঞ্চাইত ও এনেদর ও জুরি নিযুক্তের বিষয়।

৭ হাইন। আপীলের মিরাদ ও মুন্দেক প্রভৃতির মন্মকার বিষয়।

१००० मान।

৮ জাইন। -- এডিবেনন জন নিযুক্তের বিষয়। ম আইন। -- বন্দরস্তের বিষয় ও ডেপুটা কালেন্টর।

১৮०४ मान ।

२ जाहैन। – को जनाती मध्यान

३५ दर्भ गोल ।

১० आहेन। बाहन जातीत पिन निर्फित्ते। ১৮ आहेन। कोजनाती मध्यासा

১৮৩৬ সাল।

ে আইন। জজ ক**ন্তৃক ডিক্রীজারীর মোকন্**মায প্রধান সদর আমৌনকে নোপর্দ্ধ।

৮ আইন। সাধারণ ব্যক্তির প্রতি প্রধান সদর আদ মীনী ও সদর আম্বীনী ও মুস্ফী পদ মুক্ত করণের বিষয়।

- ১০ আইন। নীলের দাদন সংক্রাপ্ত মোকদ্মার বি-যয়।
- ১১ আইন। কোন বাজি বংশ ও জন্মস্থান প্রযুক্ত দেওয়ানী আদালতে অনধীন না হইবার বিষয়।

५८ भाइन। कोलनाती महक्रांच।

१५०१ मान ।

र आहेत। को जमाती मध्याछ।

৩ আইন। এক জেলার মোকদমা অন্ত জিলায় গো-পর্দ হওনের বিষয়।

৪ আইন। বিলায়তি সাহেবানকে এ দেশীয় ভূমি রাখিবার ক্ষমতা পাওনের বিষয়। ১२ आईन। मानाय वाकि माका मिखन अआंश इट्रेंटिक ना।

· ২৫ আইন। প্রধান সদর আমীনের ক্ষমতা কৃষ্কির বিষয়।

🗫 তাহিন। পারসাভাষা এবালিস হওনেুর বিষয়।

क्रिक्ट भाग

৭ জাইন। েম্পাজেন্টের বিনা জলবে নিমাদালতের ক্ষ্সালা অপ্রিপকু রুখিলে ছানিকে পাঠাইতে জ্ঞাক্ষত। পাওয়ার বিষয়।

২২ আইন। জজেন, মুন্সেফের ভুকুমের উপর সরা-সায়ি আপীল লওনের ক্ষমতা প্রাপ্ত।

२१ याहेन। अधान नमत याभीन आमन। छेकीतनत भारकमन विष्ठात कतरा नकन।

২৯ আইন। নিমক দক্তোন্ত।

৩০ আইন। দলীল দস্তাবেজ রেজিইরী করণের বিষয়।

১৮৩৯ সাল।

১ জাইন। মালগুজারীর বাকী আদায় জভ ফরস ক্মিস্যানর নিযুক্ত হওনের বিভ্য়। २ आईम। कोजमाती मः जान ।

৩ আইন। কোন ব্যক্তি বাকী খাজানার নোকদ্মায় মুর্সেফ আদালতে অনধীন না হইবার বিষয়!

৯ আইন। পাপরে মোকদ্বনার প্রতিবাদীর প্রতি ইক্টাম্প মাফ ও পাপরের বনিয়াদ তদারকের বিষয়।

১১ आहेग। विलाक जाशीरलंब गांककमांव हेरीकः इस्रमभाषः।

২৬ আইন। চিভিন্ত বিচারকনিপের অপবাদের অন্ন-বন্ধান বিষয়ক।

২৭ আইন। জেলা ২৪ পরগনার ডিক্রী কলিকা-তার ছোট আদালতে জারী হওনের বিবর।

৩২ জাইন। যে সকল বিষয়ের সুদের নির্দাণ্য নাই তাহার সুদের নিয়ম কবণের বিষয়।

১৮৪০ সাল ৷

৪ আইন। ভূমির দখল বিষয়ে দাঙ্গা হজান নিবা-রণের এবং বলক্রমে ভূমির বেদখলের প্রতীকার ক্রণের বিষয

 ७ व्यक्ति । किन्यु अ सूननभाइनतरमत अश्रेश अ सूक् कित निषय ।

৭ আইন। সদর আনালতে কোম্পানির চিহ্নিত চা-

কর ভিন্ন অত্যেরদিগকে ডেপুটা বেজিন্টর ও আদিটাট রেজিন্টরের পদে নিযুক্ত করণের ক্ষমতা দেওনের বিষয়।

ম আইন। সালিমী ও ক্ষতি পুরণ এবং লালালাভ সমনীয় সাক্ষীরদের বিষয়ী জ্ঞীমতী মহারাণীর আদাল-তের চলিত আইন শুগরিকার বিষয়।

১ আইন। জগ্লাথ কেন্ত্রের কর রহিত করণের বিষয়।

১৯ আইন। পাণার অর্থাৎ ধোত্রহীন ৰূপে যে আ-পীল দাখিল হয় তাগার কার্যা শুধরণের বিষয়।

২০ আইন। ইন্তমরারি জমা ধার্য্য হওয়া জ্ঞাদারীর নীলামের থরিদারেরদিনের বিষয়ী বিধান নির্দিষ্ট কর-ণের বিষয়।

২১ আইন।— ১৮৪০ গালের ৪ আইন জারী হওনের সময়ে ১৭৯০ গালের ৪৯ আইন ঘটিত যে যে মোকলমা প্রথমতঃ উপস্থিত বা আপীল হট্য়া মূলতবি ছিল তাহার বিচার করণ বিষয়ে ঐ ওআইন অর্শিবেক না, ৪ আইন জারী না হললে বেমত হটত নেই মত ঐ প্রকাব সমস্ত মোকদ্বমার বিচাব ও নিম্পতি হইবার বিষয়।

২০ আইন। মফঃদলে কার্য্যকারকেরদের করা ছকুম এইমিতী মহারাণীর আদালতের এলাকার সীমার মধ্যে জারী করণের বিষয়।

३৮83 मान।

১ আইন। সরকারি রাজস্ব উস্কলের সুগন করণাথে।
এবং পাট্রাদারী জন্মীদারীতে সরকারের বাকী আদাথের
নিমিত্রে নীলাম হইলে তাহাতে যে কপ সত্ব অপ্রত্য
তাহা নির্ণয় করণের আইন।

৫ আইন। রাজোর বিরুদ্ধ অপরাথের মোকদ্দমার নিয়ম পুর্কাপেক। একি প্রকার করণের এবং কোন কোন গতিকে ঐ নিয়ম শুধরণের বিষয়।

৭ আইন। অনুপত্তি দাক্ষীরদের জোবানবানী লই-বার বিষয়ে পুকাপেকা একি প্রকার এবং উত্তন রীতি স্থাপনের বিষয়।

रु पाइन। (क्षेत्रमाती मध्यान ।

১২ আইন। মালগুজারীর বাকী আদানের নিমিত্ত ভূমি নীলামের বিষয়ী বাঙ্গালা দেশের চলিতাইন শুগরি-বার বিষয়।

১৩ আইন। ১৮৩৬ সালের ২৫ আইনের বিধি শোরী করণ বিষয়।

১৫ আইন। কোন ২ গতিকে মকঃসল আদালতের তপস্থিত মোকদমায় কলিকাতা নিবাসী ব্যক্তিদিগের জা-মীন দেওয়া রহিত ক্রণের বিষয়।

১৭ আইন। দেওয়ানী ও নিজামত আলালতে আ-পীল হওয়া মোকদমার বিষয়ী সংশোধন বিষয়। ১৯ আইন। উত্তরাধিকারিত্বের বিষয়ী স্থাবর অস্থা-বর সম্পত্তির অভায় রূপে দখল নিবারণ বিষয়।

২০ আইন। উত্তরাধিকারিত্বের গতিকে পাওন। টাকা আদায় সুগম করণের নিমিত্ত এবং মৃত ব্যক্তিদের স্থলা-ভিষিক্ত ব্যক্তিদিগকে যাহারা আপন ২ কজ্জা টাকা পরি-শোধ করিয়া দেয় ভাহাবদের বেঝুকী হওনের বিষয়।

